# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 25 May, 2025

নেত্রকোণার বারহাট্টা উপজেলা বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলনে মোস্তাক আহমেদ সভাপতি এবং আশিক আহম্মেদ কমল সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন।

রোববার (২৫ মে) বারহাট্টা উপজেলার একটি স্থানীয় স্থানে অনুষ্ঠিত এ সম্মেলনের প্রথম অধিবেশনে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিএনপির কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব হাবিব-উন নবী খান সোহেল। তিনি বলেন, "ষোল বছর কোথায় ছিলাম জানতে চান? ষোল বছর পালিয়ে ছিলাম, জেলখানায় ছিলাম, হাসপাতালে ছিলাম, রক্তাক্ত শরীর নিয়ে পরিবারের বোঝা হয়ে ছিলাম।শুধুমাত্র বিএনপি করার কারণেই আমাদের অনেক সহযোদ্ধার সংসার ভেঙে গেছে।"

তিনি আরও বলেন, "বাংলাদেশে যদি বিএনপি না থাকতো, তাহলে হয়তো আমাদের ভারতীয় মুদ্রা দিয়ে বাজার করতে হতো। টিপাইমুখ বাঁধের বিরুদ্ধে বিএনপির নেতাকর্মীরাই আন্দোলন করেছে।সেই আন্দোলনের কারণে আজও অনেক পরিবার তাদের প্রিয়জনের খোঁজ পায় না।"

সোহেল বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বলেন, "আমরা প্রধান উপদেষ্টার কাছে সুষ্ঠু নির্বাচনের রোডম্যাপ চেয়েছি।কিন্তু কিছু দল নির্বাচনের কথা বলতেই নারাজ।আমরা আওয়ামী লীগ না যে সিনেমা বা সংলাপ দেখাতে চাই। বিএনপি জনগণের ভালোবাসা এবং গণতন্ত্রের জন্য রাজনীতি করে।"

তিনি এনসিপি নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, "রাজনীতি করতে হলে মাঠে থাকতে হয়, জনগণের পাশে থাকতে হয়। শুধু ক্ষমতার সুযোগে নির্বাচনে যাওয়া উচিত নয়।"

সম্মেলনে সভাপতিত্ব করেন বারহাট্টা উপজেলা বিএনপির আহ্বায়ক মোস্তাক আহমেদ। সম্মেলনের উদ্বোধন করেন জেলা বিএনপির আহ্বায়ক ডা. মো. আনোয়ারুল হক।

প্রধান বক্তা ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির ময়মনসিংহ বিভাগের সাংগঠনিক সম্পাদক শরীফুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহ-সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট শাহ ওয়ারেছ আলী মামুন, আবু ওয়াহাব আকন্দ, আব্দুল বারী ড্যানী এবং সদস্য সচিব ড. রফিকুল ইসলাম হিলালীসহ জেলা ও উপজেলা বিএনপির নেতৃবৃন্দ।

প্রথম অধিবেশন শেষে ভোটগ্রহণ শুরু হয়। সন্ধ্যায় ভোট গণনা শেষে মোস্তাক আহমেদকে সভাপতি এবং আশিক আহম্মেদ কমলকে সাধারণ সম্পাদক ঘোষণা করা হয়।

বিএনপি সম্মেলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:18

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/2941775807